

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.২২৯৪.০১৭.২৭.০০২.১৫. ৭৯

তারিখ : ১৩ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ।  
২৬ জানুয়ারি, ২০১৫ খ্রিঃ।


অফিস আদেশ

যেহেতু কক্সবাজার উপজেলার উখিয়া উপজেলাধীন পালংখালী ইউপির চেয়ারম্যান জনাব আব্দুল গফুর চৌধুরী এর বিরুদ্ধে উখিয়া থানায় রঞ্জুকৃত জি.আর মামলা নং-২৮৮/২০১৩, স্পেশাল ট্রাইব্যুনাল মামলা নং-৭৪/২০১৪, উখিয়া থানার মামলা নং-৩১, তাং-১৮.১২.২০১৩, অভিযোগপত্র নং-৪২(১) ও একই মামলা হতে উদ্ধৃত অভিযোগপত্র নং-৪২(১), ১১/০৫/২০১৪ তারিখে আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালতে উল্লিখিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর বিরুদ্ধে মামলা বিচারাধীন থাকায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু উক্ত ইউপি চেয়ারম্যানকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২. এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।


  
(শরীফা আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.২২৯৪.০১৭.২৭.০০২.১৫. ৭৯

তারিখ : ১৩ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ।  
২৬ জানুয়ারি, ২০১৫ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, কক্সবাজার।
০২. উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া, কক্সবাজার।
০৩. জনাব আব্দুল গফুর চৌধুরী, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), পালংখালী ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার।
০৪. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

  
(শরীফা আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব